

**জ্ঞানমূলক প্রশ্ন:**

১. 'শভিনিষ্টিক' কী?
২. 'পয়লা বৈশাখ' গল্পের শেষ বাক্য কোনটি?
৩. রাখিবন্ধন উৎসব কোন পূর্ণিমায় করা হয়?
৪. ভারতীয় উপমহাদেশ কত সালে বিভক্ত হয়?
৫. পয়লা জানুয়ারিকে উদ্দেশ্য করে কবিতা লিখেছেন কে?
৬. ঐতিহাসিক আবুল ফজল নববর্ষকে কী বলে উল্লেখ করেছেন?
৭. ধর্মের নামে নৃশংসতার ইতিহাস কোন সময়ের?
৮. তুমি কোন চেতনায় উদ্বুদ্ধ হয়ে বাংলা নববর্ষ উদযাপন করবে?
৯. 'নওরোজ' কোন ভাষার শব্দ?
১০. বাংলা নববর্ষ উদযাপনে কারা বাধার সৃষ্টি করেছিল?
১১. ভারতীয় উপমহাদেশে উপনিবেশ স্থাপন করেছিল কারা?
১২. ধর্মের নামে নৃশংসতা কোন আমলে দেখা যায়?
১৩. প্রাচীন কৃষি সমাজে কীসের পর নবজীবনের আবির্ভাবে বাংলা নববর্ষ উদযাপন করা হতো?
১৪. উপনিবেশধারী, ক্ষীণদৃষ্টি, ধর্মান্ব এগুলো কাদের মনোভাব?
১৫. ঊনবিংশ শতাব্দীর শেষার্ধ্বে এ দেশে কাদের রাজত্ব ছিল?

**সৃজনশীল প্রশ্ন:**

সকালে ঘুম থেকে উঠেই নিতু ব্যস্ত হয়ে পড়ে "বৈশাখী" অনুষ্ঠানে যাওয়ার জন্য। বছরের এদিনটি সবার কাছে প্রিয়। এটিই একমাত্র অনুষ্ঠান যেখানে নানা ধর্মাবলম্বী বন্ধুরা সবাই মিলে সমানভাবে আনন্দে মেতে ওঠে। এখানে সে সত্যিকারের উপলব্ধি করে বাংলার মুসলিম, হিন্দু, খ্রিস্টান, বৌদ্ধ আমরা সবাই বাঙালি।

ক) কে বাংলা নববর্ষকে এদেশের জনগণের 'নওরোজ' বলে উল্লেখ করেছেন?

খ) বাঙালি জাতীয়তাবাদী চেতনা বলতে কী বোঝানো হয়েছে?

গ) উদ্দীপকে 'পয়লা বৈশাখ' প্রবন্ধের যে দিকটির সাদৃশ্য রয়েছে, তা ব্যাখ্যা করো।

ঘ) উদ্দীপকের দিকটি ছাড়া 'পয়লা বৈশাখ' প্রবন্ধে আলোচিত অন্যান্য দিকগুলো বিশ্লেষণ করো।